কুষ্টিয়ায় যাত্রীবাহী ট্রেনে এলএসডি ও জুয়েলারি উদ্ধার

কুষ্টিয়া কোর্ট রেলস্টেশনে যাত্রীবাহী ট্রেনে তল্লাশি চালিয়ে ৪ কোটি ১৮ লাখ টাকার মাদকদ্রব্য লাইসার্জিক অ্যাসিড ডাইইথ্যালামাইড (এলএসডি) ও ভারতীয় সিটি গোল্ড জুয়েলারি উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-৪৭।

বিজিবি-৪৭ এর পক্ষ থেকে বুধবার এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।

মঙ্গলবার (১৫ এপ্রিল) বিকেল ৪টা ২০ মিনিটে কুষ্টিয়া শহরের কোর্ট রেলস্টেশনে পৌঁছালে ঢাকাগামী বেনাপোল এক্সপ্রেস ট্রেনে তল্লাশি চালায় বিজিবির একটি বিশেষ টহল দল। এতে উদ্ধার হয় ৫০ এমএল পরিমাপের ৮ বোতল ভারতীয় এলএসডি এবং ৯৪৮ পিস সিটি গোল্ডের গহনা। উদ্ধারকৃত মালামালের আনুমানিক বাজারমূল্য ৪ কোটি ১৮ লাখ ১০ হাজার ১০০ টাকা।

বিজিবি-৪৭ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান জানান, বেনাপোল থেকে ঢাকাগামী ট্রেনে মাদক ও জুয়েলারির একটি বড় চালান যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে টহল দল কোর্ট স্টেশনে অবস্থান নেয় এবং ট্রেনটি পৌঁছালে তল্লাশি চালিয়ে এসব সামগ্রী উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানচালক নিহত

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় ইউনুস আলী (৭০) নামে ব্যাটারিচালিত অটোভ্যানের এক বৃদ্ধ চালক নিহত হয়েছেন।

বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের আমতলা বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ইউনুস আলী পার্শ্ববর্তী দৌলতপুর উপজেলার ইউসুফপুর এলাকার মৃত ইমান মালিথার ছেলে।

প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম জানান, আমতলা-দৌলতপুর সড়ক দিয়ে ভ্যান চালিয়ে ইউনুস আলী আমলা বাজারে যাচ্ছিলেন। পার্শ্ববর্তী রাস্তা থেকে আমতলা বাসস্ট্যান্ডে ওঠার সময় মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী আলু বোঝাই একটি ট্রাক অটোভ্যানটিকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই ভ্যানচালক ইউনুস আলীর মৃত্যু হয়। ঘটনাস্থল থেকে মরদেহটি উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তবে ট্রাকটি জব্দ করলেও চালক পালিয়ে গেছেন বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় ৬ দফা দাবিতে পলিটেকনিক শিক্ষার্থীদের সড়ক অবরোধ

ছয় দফা দাবিতে কুষ্টিয়ায় সড়ক অবরোধ করে বিক্ষোভ কর্মসূচি পালন করছেন কুষ্টিয়া পলিটেকনিকের শিক্ষার্থীরা।

বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১১টার দিকে তারা শহরের মজমপুর মোড়ে সড়ক অবরোধ করে। অবরোধে পলিটেকনিক ইনস্টিটিউটের শতশত শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। শিক্ষার্থীদের অবরোধের কারণে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। অবরোধের কারণে যানজট সৃষ্টি হয়। এতে সড়কে চলাচলকারী মানুষ পড়েছেন সীমাহীন দুর্ভোগে।

শিক্ষার্থীরা বলেন, আমরা ছয় দফা দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছি। আগেও আমরা একই দাবিতে একাধিকবার কর্মসূচি পালন করেছি।

তবে আমাদের দাবি মানা হচ্ছে না। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে

আমরা বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করছি। আমাদের দাবি না মানা হলে আগামীতে কঠোর আন্দোলন কর্মসূচিতে যাবো আমরা।

কুষ্টিয়ায় ট্রাকচাপায় মসজিদের মোয়াজ্জেম নিহত

কুষ্টিয়া সদর উপজেলায় ড্রাম ট্রাকচাপায় মসজিদের মোয়াজ্জেম মোহাম্মদ আলি (৭৩) নিহত হয়েছেন।

মঙ্গলবার (১৫ এপ্রিল) সকালে উপজেলার পাটিকাবাড়ী ইউনিয়নের নওদাপাড়া মোড়ের কুষ্টিয়া-চুয়াডাঙ্গা সড়কে এই দুর্ঘটনা ঘটে।

নিহত মোহাম্মদ আলি ফকিরাবাদ নওদাপাড়া গ্রামের মৃত ময়েজ উদ্দিনের ছেলে। তিনি ওই এলাকার খেজুরতলা খাঁ পাড়া জামে মসজিদের মুয়াজ্জিন হিসেবে দায়িত্বরত ছিলেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, নিহত মোহাম্মদ আলি আজ মসজিদে ফজরের নামাজ শেষ করে নওদাপাড়া মোড়ে কুষ্টিয়া-চুয়াডাঙ্গা সড়ক পারাপরের সময় দ্রুতগামী একটি ড্রাম ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এই ঘটনায় তাৎক্ষণিকভাবে বিক্ষুব্ধ জনতা ট্রাকসহ ট্রাকের চালক ও হেলপারকে ধরে পাটিকাবাড়ী পুলিশ ক্যাম্পে হস্তান্তর করেছে।

পাটিকাবাড়ী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই নুরুন্নবী ইসলাম দূর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন।

কুষ্টিয়ায় বাস-মোটরসাইকেল সংঘর্ষে দুজন নিহত, আহত ১

কুষ্টিয়ায় যাত্রীবাহী একটি বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে নয়ন ইসলাম (৩০) ও রনি ইসলাম (২৫) নামে মোটরসাইকেলের দুই আরোহী নিহত হয়েছেন। এ দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন মিজানুর রহমান নামে আরেক ব্যক্তি।

শনিবার (১২ এপ্রিল) সকাল বেলায় সদর উপজেলার বটতৈল এলাকায় কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের বটতৈল জিএসএম ইঞ্জিনিয়ারিং-এর সামনে এই দুর্ঘটনা ঘটে।

নিহত নয়ন ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার দুর্বাচারা গ্রামের বাসিন্দা এবং রনি ইসলাম পার্শ্ববর্তী শালঘর-মধুয়া এলাকার বাসিন্দা। আহত মিজানুর রহমানও দুর্বাচারা গ্রামের। তারা তিনজনই কুষ্টিয়ার বিআরবি গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজে কর্মরত ছিলেন।

কুষ্টিয়া হাইওয়ে পুলিশের এসআই জয়দেব জানান, সকালে একটি মোটরসাইকেলে করে কর্মস্থলে যাচ্ছিলেন নয়ন, রনি ও মিজানুর। বটতৈল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা গড়াই পরিবহনের একটি দ্রুতগতির বাস তাদের চাপা দেয়। ঘটনাস্থলেই নয়ন ও রনি মারা যান এবং মিজানুর গুরুতর আহত হন। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সিনিয়র কর্মকর্তা আরদেশ আলী জানান, তিনজন একটি মোটরসাইকেলে করে কর্মস্থলে যাচ্ছিলেন। পথে একটি গাড়িকে ওভারটেক করতে গিয়ে মোটরসাইকেলটি রাস্তার উল্টো পাশে চলে যায় এবং বিপরীত দিক থেকে আসা গড়াই পরিবহনের বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই দুজন নিহত হন।

নিহতদের মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় চুরির অভিযোগে রিকশাচালককে পিটিয়ে হত্যা

কুষ্টিয়ায় চুরির অভিযোগে সুরমান আলি (৩৫) নামে এক রিকশাচালককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) সকালে থানাপাড়ার জিকে বালিরঘাট এলাকায় ঝুলন্ত অবস্থায় সুরমানের মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত সুরমান জিকে বালিরঘাট এলাকার আব্দুল কালামের ছেলে। তিনি পেশায় রিকশাচালক ছিলেন।

পরিবারের দাবি, চুরির মিথ্যা অভিযোগে একই এলাকার হালিম বিক্রেতা হাকিমসহ বেশ কয়েকজন সুরামানকে নির্যাতন করে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রেখেছেন।

নিহত সুরমান আলির ছোট ভাই সেলিম বলেন, ‘আমাদের বাড়ির সামনে হালিম বিক্রেতা হাকিমের বাড়ি। তিনি বুধবার সকালে তার বাড়ি থেকে গয়না ও নগদ টাকা চুরির অভিযোগ এনে আমার ছোট ভাই আশরাফুলকে প্রথমে আটকে রেখে বেধড়ক মারধর করেন। এরপর বৃহস্পতিবার দুপুরে আমার বড় ভাই রিকশাচালক সুরমানকে ধরে নিয়ে যান। পরে আমাদের বাড়ি থেকে সবাইকে বের করে দিয়ে তালা ঝুলিয়ে দেন হাকিমসহ তার সঙ্গীরা।’

তিনি আরও বলেন, ‘এরপর থেকে আমরা আমার ভাইকে কোথাও খুঁজে পাইনি। আজ সকালে জিকে বালিরঘাট এলাকায় আমেনা খাতুনের বাড়ির বাথরুমের চালের এঙ্গেলের সঙ্গে ঝুলন্ত অবস্থায় ভাইয়ের মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেই। পরে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া ২৫০ শয্যার হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

সেলিম বলেন, ‘বুধবার হাকিম আমার ভাই সুরমানকে ধরে নিয়ে আটকে রেখে ইলেক্ট্রিক শকসহ লাঠি এবং ধারালো অস্ত্রদিয়ে আঘাত ও নির্যাতন করে হত্যা করে মরদেহ ঝুলিয়ে রেখেছেন। আমরা ভাই হত্যার বিচার চাই। বুধবার থেকে পরিবার নিয়ে আমি খোলা আকাশের নিচে রয়েছি বলেও জানান তিনি।

কুষ্টিয়া মডেল থানার উপপরিদর্শক (এসআই) মো. খাইরুজ্জামান বলেন, ‘নিহত সুরমানের শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে।

ময়নাতদন্তের পরই প্রকৃত ঘটনা জানা যাবে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।’

ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে কুষ্টিয়ায় বিক্ষোভ

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে ঘোষিত ‘দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা’ কর্মসূচির অংশ হিসেবে কুষ্টিয়ায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ মার্চ) সকাল এগারোটায় কুষ্টিয়া শহরের ইসলামিয়া কলেজ মাঠ প্রাঙ্গণ থেকে গাজার পক্ষে এ বিক্ষোভ শুরু করেন জনগণ।

এছাড়াও বিভিন্ন সংগঠন শহরের বিভিন্ন এলাকা থেকে বিক্ষোভ মিছিল নিয়ে সমাবেশস্থলে আসে। পরে বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কুষ্টিয়া খুলনা-মহাসড়কের চৌড়হাস মোড়ে গিয়ে শেষ হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ কুষ্টিয়া জেলা শাখার সভাপতি আলহাজ্ব আহমদ আলী, সাধারণ সম্পাদক জি এম তাওহীদ আনোয়ার,মোমতাজুল উলুম মাদ্রাসার মুহতামীম আরিফুজ্জামান প্রমুখ।

ক্লাস-পরীক্ষা বর্জন করে কর্মসূচিতে অংশ নিচ্ছেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা- কর্মচারীরাও সংহতি জানাচ্ছেন ‘দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা’ কর্মসূচিতে।

বিক্ষোভকারীরা প্ল্যাকার্ড, ব্যানার হাতে ‘ফ্রি প্যালেস্টাইন’, ‘স্টপ কিলিং ইন গাজা’সহ নানা স্লোগান দেন। শান্তিপূর্ণ এ কর্মসূচি চলাকালীন সড়কে যান চলাচলে সাময়িক কিছুটা সমস্যা হলেও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণ করে।

বিক্ষোভে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি অংশ নিয়েছেন শিক্ষার্থীরাও। এর মধ্যে একটি মিছিলে অংশ নেওয়া

হাসান টুটুল বলেন, দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা কর্মসূচির অংশ হিসেবে আমরা আজ রাস্তায় নেমেছি। গাজায় ইসরায়েলি দখলদার বাহিনী যেভাবে সাধারণ মানুষের ওপর নৃশংস হামলা চালাচ্ছে, আমরা তার তীব্র নিন্দা জানাই।

তিনি আরও বলেন, শিশু, নারী ও নিরীহ মানুষদের ওপর ইসরায়েলি হামলা আজ মানবতাকেও প্রশ্নের মুখে ফেলেছে। অথচ বিশ্ব আজ নিশ্চুপ। কোথায় গেল সেই মানবতা, কোথায় গেল নৈতিকতা?

নাগরিক পার্টির তালহা বলেন, ইসরায়েলি দখলদার বাহিনী গাজায় নির্মমভাবে মানুষকে হত্যা করছে। তাদের এই হত্যাযজ্ঞ দেখে বাংলাদেশের প্রতিটি শিক্ষার্থী ক্ষুব্ধ এবং ব্যথিত। তারা চান দ্রুত যেন বিশ্ববাসী এ গণহত্যা বন্ধ করে।

কর্মসূচি পালনকালে ‘ফ্রম দ্য রিভার টু দ্য সী, প্যালেস্টাইন উইল বি ফ্রি’, ‘ইস্ট টু ওয়েস্ট, নো ফ্লো টু জায়নিস্ট’, ‘মেঘনা টু জেরুজালেম, ইনসাফ ইনসাফ’, ‘শেম শেম জায়নিস্ট, মেক ফ্রি প্যালেস্টাইন’, ‘ফিলিস্তিন মুক্তি পাক, ইসরায়েল নিপাত যাক’; ‘ইনকিলাব ইনকিলাব, আল আকসা জিন্দাবাদ’ ইত্যাদি স্লোগান দেন বিক্ষোভকারীরা।

মোমতাজুল উলুম মাদ্রাসার মুহতামীম আরিফুজ্জামান বলেন, গাজায় নিরীহ শিশু, নারী এবং সাধারণ মানুষের ওপর যে নৃশংসতা চালানো হচ্ছে তা শুধু একটি রাজনৈতিক সংকট নয়, এটি একটি চরম মানবিক ও নৈতিক সংকট। এমনকি যুদ্ধবিরতি লঙ্ঘন, মানবিক করিডোরে হামলা এবং জরুরি স্বাস্থ্যসেবা কাঠামো ধ্বংসের মতো সন্ত্রাসী কর্মকাণ্ড সভ্যতার চরম অবক্ষয়। আমরা বুয়েটের সাধারণ শিক্ষার্থীরা ফিলিস্তিনের গাজা উপত্যকায় চলমান অমানবিক সহিংসতা, নির্বিচারে হত্যা, বোমাবর্ষণ, রাসায়নিক হামলা এবং মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে গভীর উদ্বেগ ও তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

তিনি বলেন, আমরা এই বর্বরতার বিরুদ্ধে সোচ্চার হতে, সংগঠিত হতে এবং কার্যকর অবস্থান নিতে সর্বদা নৈতিকভাবে একতাবদ্ধ। শুধু সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিবাদ জানানোই যথেষ্ট নয়, এখন সময় এসেছে রাস্তায় দাঁড়ানোর, কণ্ঠে কণ্ঠ মিলিয়ে মানবতার পক্ষে আওয়াজ তোলার। ‘গ্লোবাল স্ট্রাইক ফর গাজা’র অংশ হিসেবে আমরা আজ বিশ্বের অন্যান্য সচেতন মানুষের সঙ্গে একাত্মতা প্রকাশ করছি।

কুষ্টিয়ার মিরপুরে শিশু ধর্ষণচেষ্টার অভিযোগ, গণধোলাইয়ের পর পুলিশে সোপর্দ

কুষ্টিয়ার মিরপুরে একটি পাঁচ বছরের শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ছবির শেখ (৪৫) নামে এক ব্যক্তিকে স্থানীয়রা গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দেয়।

ঘটনাটি ঘটেছে রবিবার দুপুর ১২টার দিকে উপজেলার নওপাড়া এলাকায়। আটককৃত ছবির শেখ মিরপুর উপজেলার নওপাড়া এলাকার খবির শেখের ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, গণধোলাইয়ের শিকার ছবির শেখের বিরুদ্ধে এর আগেও ধর্ষণের অভিযোগ ছিল। ধর্ষণ মামলায় তিনি দীর্ঘদিন জেল খেটেছেন।

পুলিশ ও স্থানীয়দের বরাতে জানা যায়, রবিবার দুপুরে পাঁচ বছর বয়সী দুটি শিশু বাড়ির পাশে নদীতে কচুরিপানা নিয়ে খেলছিল। এই সুযোগে ছবির শেখ একটি শিশুকে জোর করে ধর্ষণের চেষ্টা করে। বিষয়টি টের পেয়ে স্থানীয়রা তাকে আটক করে গণধোলাই দেয়। পরে পুলিশকে খবর দেওয়া হলে তারা এসে ছবির শেখকে আটক করে নিয়ে যায়।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে বলেন, “ধর্ষণচেষ্টার অভিযোগে গণধোলাইয়ের শিকার ওই ব্যক্তিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।”

কুষ্টিয়ায় ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং এর উদ্যোগে শিক্ষাবৃত্তি প্রদান

কুষ্টিয়ায় ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর পৃষ্ঠপোষকতায় আলহাজ্ব বেলায়েত হোসেন ফাউন্ডেশন-এর উদ্যোগে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সম্প্রতি কুষ্টিয়া শহরের দিশা টাওয়ার মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোঃ আমজাদ হোসেন খান।

ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর ব্যবস্থাপনা পরিচালক ও আলহাজ্ব বেলায়েত হোসেন ফাউন্ডেশন-এর প্রধান পৃষ্ঠপোষক আলহাজ্ব মোঃ বশির আহমেদের সভাপতিত্বে এবং সদস্য হাফিজ আল আসাদের সঞ্চালনায় বক্তব্য রাখেন অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আনোয়ারুল কবির, ময়মনসিংহের কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের ডিন ও অধ্যাপক শেখ সুজন আলী, ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর চেয়ারম্যান নার্গিস আহমেদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার আব্দুর রশীদ বকুল এবং জাতীয় সাঁতার প্রশিক্ষক আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের সমন্বয়ক ও বাংলাদেশ ব্যাংকের উপপরিচালক নাজমুল হুদা।

বক্তারা বলেন, আলহাজ্ব বেলায়েত হোসেন ফাউন্ডেশন সমাজের অসহায়, দুস্থ ও অনগ্রসর শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানসহ শিক্ষা ও সংস্কৃতির মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ফাউন্ডেশন থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে দেশ ও জাতির কল্যাণে আত্মনিয়োগ করবে। ভবিষ্যতে তারাও দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়ে সমাজ পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখবে। বক্তারা আরও বলেন, আগামী প্রজন্মকে মেধা ও মননে আলোকিত করতে হলে মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে হবে।

সভাপতির বক্তব্যে ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর ব্যবস্থাপনা পরিচালক আলহাজ্ব মোঃ বশির আহমেদ বলেন, “পিতার নামে শিক্ষা ও

চিকিৎসা সহায়তাসহ বিভিন্ন সামাজিক কাজে আত্মনিয়োগ করার চেষ্টা করেছি, আজকের এই উদ্যোগ তারই একটি অংশ। আমি জানি এসএসসি পাসের পর উচ্চশিক্ষার জন্য এই অর্থ অনেক বেশি কিছু নয়। তারপরও মেধাবী শিক্ষার্থীরা যেন উৎসাহ পায়, উচ্চশিক্ষায় এগিয়ে যেতে পারে এই লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।”

তিনি আরও বলেন, “এ বছর ৫০ জন শিক্ষার্থীকে ১০ লাখ টাকার বৃত্তি দেওয়া হয়েছে। ভবিষ্যতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা আরও বাড়ানোর পরিকল্পনা রয়েছে। মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ার ইচ্ছাও রয়েছে। এছাড়াও মেডিকেল কিংবা বুয়েটে ভর্তির মতো উচ্চশিক্ষায় প্রয়োজনীয় সহায়তা লাগলে বেলায়েত হোসেন ফাউন্ডেশন পাশে থাকবে।”

অনুষ্ঠানে কুষ্টিয়া জেলার এসএসসি ও সমমানের ২০২৩ সালের পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত জেলার ৬টি উপজেলার বাছাইকৃত ৫০ জন শিক্ষার্থীকে জন প্রতি ২০ হাজার টাকা করে মোট ১০ লাখ টাকার চেক প্রদান করা হয়।

অনুষ্ঠানে ফাউন্ডেশনের সদস্যবৃন্দ, শিক্ষাবিদ, সুধীজন এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উদযাপন

কুষ্টিয়ায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস ২০২৫ উদযাপন করা হয়েছে।

দিবসটি উদযাপনের অংশ হিসেবে রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোঃ তৌফিকুর রহমান।

এ সময় তিনি বলেন, খেলাধুলা শিশু ও তরুণদের মেধা ও মনন বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখে। এর মাধ্যমে প্রতিযোগিতামূলক মনোভাব,

শৃঙ্খলাবোধ, অধ্যবসায়, দায়িত্বজ্ঞান ও কর্তব্যপরায়ণতার সৃষ্টি হয়।

তিনি বলেন, দেশ বদলের প্রত্যয়ে গঠিত বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার তারুণ্যনির্ভর বাংলাদেশের এ বিশাল জনগোষ্ঠীকে পুনর্জীবিত করতে দেশব্যাপী ‘তারুণ্যের উৎসব ২০২৫’ উদযাপন করেছে। সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত মূল্যবোধের মেলবন্ধনে আয়োজিত এই উৎসবে তরুণরা দেশ পুনর্গঠনে তাদের সৃজনশীলতা, মেধা, যোগ্যতা ও মননশীলতার স্বাক্ষর রেখেছে।

এ সময় স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক জাহাঙ্গীর আলম, অতিরিক্ত পুলিশ সুপারসহ সরকারি দপ্তরের প্রধান ও ক্রীড়া প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন।

এর আগে “তারুণ্যের অংশগ্রহণ, খেলাধুলার মানোন্নয়ন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে গিয়ে আলোচনা সভায় মিলিত হয়।